## মা ও শিশু সহায়তা কর্মসূচি

(দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচি এবং কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচি একত্রিকরণ করে ২০২২-২৩ অর্থবছর হতে "মা ও শিশু সহায়তা কর্মসূচি" নামে নতুন কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে।)

- অধিদপ্তর হতে উপকারভোগীর স্ংখ্যার বরাদ্দ প্রাপ্তি;
- নীতিমালা মোতাবেক মহিলা বিষয়ক অফিস কর্তৃক কার্যক্রম গ্রহণ;
- এমআইএস সফটওয়্যারের মাধ্যমে ইউনিয়ন পরিষদের নির্ধারিত আইডি থেকে বরাদ্দ অনুযায়ী প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে ৪০/- টাকা ফি গ্রহণ করে অনলাইনে আবেদন করার জন্য ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ;
- প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই অন্তে প্রতিমাসের ২০ তারিখের মধ্যে সুপারিশসহ উপজেলায় প্রেরণ;
- ইউনিয়ন পরিষদ থেকে প্রেরিত আবেদনগুলো যাচাই-বাছাই অন্তে উপজেলা কমিটির সভায় উপস্থাপন;
- উপজেলা কমিটিতে অনুমোদন এবং এমআইএস সফটওয়্যারে অনুমোদন সাপেক্ষে উপকারভোগী হিসেবে অন্তভুক্তি;
- নির্বাচিত উপকারভোগীদের নিজ নামীয় ব্যাংক হিসাব/বিকাশ/রকেট/ব্যাংক এশিয়া ইত্যাদির মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতার টাকা প্রেরণ;

***৪.০ সুবিধাপ্রাপ্তির আবশ্যিক শর্তাবলী ঃ***

৪.০.১ বয়স: ২০ থেকে ৩৫ বছর; যার মাধ্যমে বাল্যবিবাহ নিরুৎসাহিত হবে এবং আদর্শ সময়ে গর্ভধারণ উৎসাহিত হবে;

৪.০.২ গর্ভধারণক্রম: শুধু প্রথম ও দ্বিতীয়বার গর্ভধারণ; যেন জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা হ্রাস পায় এবং পরিকল্পিত পরিবার গঠনে উৎসাহিত হয়;

৪.০.৩ জাতীয় পরিচয়পত্র: জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক; জাতীয় পরিচয়পত্র ছাড়া কোন সুবিধাভোগী নিবন্ধিত হবে না;

৪.০.৪ Antenatal Care Card: গর্ভধারণের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য গর্ভধারণ সেবা কার্ড (Antenatal Care Card) থাকতে হবে;

৪.০.৫ এ্যাকাউন্ট/হিসাব নম্বর: উপকারভোগীর নিজ নামে ব্যাংক অথবা মোবাইল ব্যাংক অথবা বিধিবদ্ধ আর্থিক প্রতিষ্ঠানে এ্যাকাউন্ট/হিসাব নম্বর থাকতে হবে;

৪.০.৬ সংশ্লিষ্ট এলাকায় বসবাস: ভাতাপ্রাপ্তির সময়কালে সুবিধাভোগীকে সংশ্লিষ্ট ইউনিয়ন, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং গার্মেন্টস কারখানা এলাকায় বসবাস করতে হবে।

### ৪.১ *সুবিধাভোগী হওয়ার বিশেষ যোগ্যতা ঃ*

৪.১.১ কম আয়ের পরিবারসমূহ বিশেষত গ্রামীণ এলাকার জন্য দৈনিক দিনমজুর হিসাবে জীবিকা নির্বাহ করে যেমন রিকশা/অটো রিকশা/ভ্যান চালক, কৃষি শ্রমিক, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, জেলে, বেদে, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং শহরের ক্ষেত্রে গার্মেন্টস কর্মী, গৃহকর্মে নিয়োজিত নারী অগ্রাধিকার পাবে;

৪.১.২ ভূমিহীন (নিজ মালিকানায় বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ১৫ শতক অথবা কম) পরিবার অগ্রাধিকার পাবে;

৪.১.৩ অটিজমসহ সকল শারীরিক ও মানসিক প্রতিবন্ধী মহিলারা অগ্রাধিকার পাবে, এ ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিবন্ধিতার সার্টিফিকেট প্রমানক হিসেবে এমআইএস এ সংযুক্ত করতে হবে;

৪.১.৪ সরকারের আশ্রয়ন প্রকল্পে বসবাসকারী গর্ভবতী মহিলারা অগ্রাধিকার পাবে।